খুলনায় ডেঙ্গুতে স্ত্রীর মৃত্যু, স্বামী হাসপাতালে

খুলনায় ডেঙ্গু আক্রান্ত হয়ে স্বামী-স্ত্রী দু’জনই হাসপাতালে ভর্তি হয়েছিলেন। এর মধ্যে চিকিৎসাধীন অবস্থায় আজ মঙ্গলবার সকালে স্ত্রী রহিমা বেগম (৬০) মারা গেছেন। আশঙ্কাজনক অবস্থায় তার স্বামী বাকিবিল্লাহকে ঢাকায় পাঠানো হয়েছে।

তারা সাতক্ষীরার কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া গ্রামের বাসিন্দা। সোমবার বিকালে নগরীর বেসরকারি গাজী মেডিকেল কলেজ হাসপাতালে তারা ভর্তি হয়েছিলেন।

গাজী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডাক্তার আনন্দ মোহন সাহা জানান, ডেঙ্গু রোগী রহিমা ও তার স্বামী সোমবার বিকাল সাড়ে তিনটার দিকে ভর্তি হন। চিকিৎসাধীন অবস্থায় ভোরে তিনি মারা যান। স্ত্রীর মৃত্যুর পর স্বামী বাকিবিল্লাহকে ঢাকায় স্থানান্তর করা হয়েছে।

এ নিয়ে খুলনায় এ পর্যন্ত ৮ জন ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। সংশ্লিষ্ট সূত্র অনুযায়ি খুলনায় এ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছে ৯২১ জন। বর্তমানে চিকিৎসাধীন রয়েছে ৭৪ জন, এর মধ্যে নতুন রোগী ১৭ জন।